

## খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আহছান উল্যাহ

সহকারী পরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

তারিখ : ০৬ আগস্ট, ২০১৯ খ্রিঃ, সময়- সন্ধ্যা ৬:০৫ মিনিট।


স্থান : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের সহকারী পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি আলোচ্যসূচির উপর সকল সদস্যকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। অতঃপর সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে পাঠক সেবার মানোন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠা, নৈতিকতা অনুশীলন ও উত্তাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

- ১। লোকবলের স্বল্পতা থাকলেও সর্বোচ্চ পাঠকসেবা প্রদানে স্ব স্ব অবস্থানে সবাইকে সচেষ্টিত থাকতে হবে এবং নিজ নিজ দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করতে হবে।
- ২। যথাসময়ে অফিসে আগমন ও নির্গমনের বিষয়ে সতর্ক থাকতে হবে।
- ৩। সর্বক্ষেত্রে নৈতিকতা অনুশীলন ও শুদ্ধাচার বাস্তবায়নে তৎপর হতে হবে।
- ৪। অফিসের যাবতীয় রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষামেত্রা ডুলড্রুটি সংশোধনপূর্বক সংরক্ষণ করতে হবে।
- ৫। অন্যান্য পাঠসামগ্রীসহ পুস্তকাদির বিষয়ভিত্তিক সজ্জিতকরণের মাধ্যমে পাঠকের অধিকতর ব্যবহারে সহায়তা করতে হবে।
- ৬। যাবতীয় চিঠিপত্র, প্রতিবেদন, পরিসংখ্যান, ই-মেইল এবং পত্রযোগাযোগের ক্ষেত্রে শব্দচয়ন ও বানানের বিষয়ে সাবধানতা অবলম্বন এবং সঠিক তথ্য ও নির্ভুলভাবে যোগাযোগের কাজ সম্পন্ন করতে হবে।
- ৭। নিজ দপ্তরসহ অন্য দপ্তরের উর্দ্ধতন ও অর্ধস্তন কর্মকর্তা/কর্মচারীগণের সাথে এবং গ্রন্থাগারে আগত সকল শ্রেণির পাঠকের সাথে সদাচরণ করতে হবে।
- ৮। বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতাসমূহে অধিক প্রতিযোগির অংশগ্রহণ নিশ্চিতকরণে এবং প্রতিযোগিতা সফলভাবে সম্পন্নকরণে সকলকে সচেষ্টিত থাকতে হবে।

পরিশেষে উপস্থিত সকলকে আমন্ত্রণিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
ড. মোঃ আহছান উল্যাহ  
সহকারী পরিচালক  
ও


সভাপতি, নৈতিকতা কমিটি, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

তারিখঃ ০৭.০৮.২০১৯ খ্রিঃ


নং-৪৩.২৬.৪৭০০.০০১.০৫.০২৮.১৯.৪৪/১(১৩)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
  - ২। নৈতিকতা কমিটির সকল সদস্য, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।
- ৩। অফিস কপি।

  
ড. মোঃ আহছান উল্যাহ  
সহকারী পরিচালক

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

  
০৬.০৮.১৯